প-৫৮

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
নগর উন্নয়ন অধিদপ্তর
৮২, সেগুনবাগিচা, ঢাকা।
Web site : www.udd.gov.bd
Fax: 9557868

বিষয় : মার্চ/১৭ মাসের মাসিক-সমন্বয় সভার কার্যবিবরণী :

সভাপতি : ড. খুরশীদ জাবিন হোসেন তৌফিক, পরিচালক (চলতি দায়িত্ব), নগর উন্নয়ন অধিদপ্তর, ঢাকা।

তারিখ ও সময় : ০৮/০৩/২০১৭ ইং সকালঃ ০৯.৩০ ঘটিকা।

স্থান : নগর উন্নয়ন অধিদপ্তরের সম্মেলন কক্ষ।

উপস্থিতির তালিকা : পরিশিষ্ট ‘ক’ দ্রষ্টব্য।

সভাপতি মহোদয় সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সভার আলোচ্যসূচী অনুসারে পর্যায়ক্রমে নিম্নরূপ আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়।

| মন্ত্রণালয়ের ক্রমিক নং | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| ২.২ | প্রাক সমন্বয় সভা অনুষ্ঠান | দপ্তরের ফেব্রুয়ারী/২০১৭ মাসের মন্ত্রণালয়ে পত্রাদি নিস্পত্তির বিষয়ে সভায় আলোচনা করা হয়। | ১। নগর উন্নয়ন অধিদপ্তরের পত্রাদির নিস্পত্তির হার মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে।<br>২। সচিবালয়ের গেইটে কোন চিঠি না দিয়ে সরাসরি সংশ্লিষ্ট বিভাগে পৌছাতে হবে।<br>৩। প্রতিমাসের ১ তারিখের মধ্যে সব প্রতিবেদন মন্ত্রণালয়ে সরাসরি/ ই-মেইল/ ফ্যাক্স এর মাধ্যমে প্রেরণ করতে হবে। ই-মেইল প্রেরণ করার ক্ষেত্রে মন্ত্রণালয়ের সংশ্লিষ্ট কর্মকর্তার ই-মেইলে প্রেরণ করতে হবে।<br>৪। মন্ত্রণালয়ে প্রেরিত পত্রের প্রাপ্তি ফোন করে নিশ্চিত করতে হবে। নগর উন্নয়ন অধিদপ্তরের পত্রাদির সাথে সংশ্লিষ্ট কর্মকর্তা মন্ত্রণালয়ের সংশ্লিষ্ট কর্মকর্তাকে পত্রাদি প্রাপ্তির বিষয়ে ফোন করার সিদ্ধান্ত গৃহীত হয়।<br>৫। প্রতি মাসের শেষ কর্ম দিবসে শুদ্ধাচার প্রতিবেদন অতিরিক্ত সচিব (উন্নয়ন-১) এর নিকট প্রেরণ করতে হবে। | প্রশাসন শাখা। |
| ২.৩ | বিভিন্ন উন্নয়ন কর্তৃপক্ষ আইন প্রণয়ন/ সংশোধন | নগর ও অঞ্চল পরিকল্পনা আইন-২০১৭ চূড়ান্তকরণের নিমিত্ত গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়ে মন্ত্রী পরিষদ বিভাগের সভার জন্য অন্যান্য তথ্যাদিসহ ৭৫ সেট ফটোকপি করে প্রেরণ করা হয়েছে। | এ বিষয়ে গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রনালয়ের সাথে নিবিড় যোগাযোগ রাখতে হবে। | জনাব আহমেদ আখতারুজ্জামান, সিনিয়র প্ল্যানার। জনাব ইয়ারুন্নেছা খানম, সহঃ প্ল্যানার |
| ২.৭ | অডিট আপত্তি নিস্পত্তিকরন | নগর উন্নয়ন অধিদপ্তরের অডিট আপত্তি বিষয়ে সভায় আলোচনা করা হয়। ২০১৩-১৪, ২০১৪-১৫, ২০১৫-১৬ পর্যন্ত অডিট কার্যাদি সম্পাদনের জন্য পূর্ত অডিট অধিদপ্তর হইতে অডিট দল অত্র অধিদপ্তরে আসিয়াছেন এবং অডিট দলের চাহিদা মোতাবেক তথ্যাদি সরবরাহ করা হইয়াছে। অচিরেই তারা অডিট সম্পন্ন করিবেন মর্মে সভাকে অবহিত করা হয়। | ২০১৩-১৪, ২০১৪-১৫, ২০১৫-১৬ পর্যন্ত অডিট আপত্তি নিস্পত্তির জন্য অডিট দলকে সার্বিক সহযোগিতা করার সিদ্ধান্ত গৃহীত হয়। | ক) উপ-পরিচালক (ভৌত পরিকল্পনা)<br>খ) হিসাব রক্ষণ কর্মকর্তা<br>গ) প্রশাসনিক কর্মকর্তা |

| মন্ত্রণালয়ের ক্রমিক নং | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| ২.৯ | ক) ই-সেবা কার্যক্রম ও সেবা সহজীকরণ। | ক) ভূমি অধিগ্রহণ ছাড়পত্র-২টি, ভূমি অধিগ্রহণ প্রসঙ্গে চাহিত সম্পুরক তথ্যাদি-১টি, কোটেশন নোটিশ-২টি, পাসপোর্ট এর ছাড়পত্র-১টি, মাসিক প্রতিবেদন-২টি, নোটিশ-৬টি এবং EoI -১টি আপলোড করা হয়েছে মর্মে সভাকে অবহিত করা হয়। | ক) ওয়েবসাইটে আপলোড কার্যক্রম অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহীত হয়। | ক) মাকসুদ হাসেম, সিনিয়র প্ল্যানার |
| | খ) পি এম এস (প্রজেক্ট মনিটরিং সিস্টেম) বিষয়। | খ) পি এম এস (প্রজেক্ট মনিটরিং সিস্টেম) বিষয়ে সভায় আলোচনা করা হয়। | খ) পি এম এস (প্রজেক্ট মনিটরিং সিস্টেম) এ MSDP অর্ন্তভুক্তির সিদ্ধান্ত গৃহীত হয়। | খ) সহকারী প্রকৌশলী, জনাব মাকসুদ হাসেম, সিনিয়র প্ল্যানার এবং প্রকল্প পরিচালকগণ |
| | গ) ই-টেন্ডারিং | গ) ২০১৬-১৭ অর্থ বছর হতে রাজস্ব ও উন্নয়ন খাত ই-টেন্ডারিং চালু করার বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়। | গ) ২০১৬-১৭ অর্থ বছরে ই-টেন্ডারিং সম্পন্ন করার জন্য ই-ফাইলিংএ অনুমোদন নেওয়ার পর পরবর্তী কাযক্রম নেয়ার সিদ্ধান্ত গৃহীত হয়। এছাড়াও ই-জিপির কার্যক্রমের জন্য ইনিশিয়েটর, রিভিউয়ার এবং এপ্রোবার নির্ধারণ করত: ই-ফাইলে অনুমোদন নেওয়ার সিদ্ধান্ত গৃহীত হয়। | গ) ১) জনাব মোহাম্মদ নুরুল ইসলাম, সহ: প্র: ২) কোড ভিত্তিক আহ্বায়কগণ |
| | ঘ) সামগ্রিক আর্কাইভ | ঘ) নগর উন্নয়ন অধিদপ্তরের সামগ্রিক আর্কাইভ বিষয়ে সভাকে অবহিত করা হয়। ইতিমধ্যে বিভিন্ন জেলা, উপজেলার মাষ্টার প্ল্যানের স্ক্যান কাযক্রম সম্পন্ন করা হয়েছে। স্থায়ীভাবে সংরক্ষণের জন্য রাজশাহী বিভাগের সকল জেলা আপলোড সম্পন্ন করা হয়েছে। যেখানে কিছু সংশোধন আছে সংশোধনের পর সামগ্রিক আর্কাইভে সংরক্ষণ করা হবে। | ঘ) সংরক্ষণের জন্য (১) স্ক্যান ম্যাপ (২) সার্ভে ম্যাপ থাকবে (৩) অরজিনাল মৌজা (৪) 3D এগুলো আঞ্চলিক অফিসে পাঠানোর সিদ্ধান্ত গৃহীত হয়। কিন্তু মাষ্টার কপি প্রধান কার্যালয়ে সংরক্ষিত থাকবে। | ঘ) ১) জনাব শরীফ মোহাম্মদ তারিকুজ্জামান, সিনিয়র প্ল্যানার, ২) মাকসুদ হাসেম, সিনিয়র প্ল্যানার |
| ২.১০ | শুদ্ধাচার কৌশল বাস্তবায়ন | -জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়নের লক্ষ্যে ফেব্রুয়ারী/১৭ মাসের প্রতিবেদন ২৫.৪৫.০০০০.০০০.৫.৬০.১৩-৪৬১ নং স্মারকের মাধ্যমে ২৮/০২/২০১৭ ইং তারিখে গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়ে প্রেরণ করা হইয়াছে।<br>- বরিশাল আঞ্চলিক অফিসে গত ১৫/০২/২০১৭ ইং তারিখে শুদ্ধাচার প্রশিক্ষণ সম্পন্ন করা হয়েছে।<br>এছাড়াও শুদ্ধাচার কাঠামো অনুযায়ী কার্যক্রম চলমান আছে। | - শুদ্ধাচার সংক্রান্ত রির্পোট প্রতি তিন মাস অন্তর অন্তর মন্ত্রণালয়ে প্রেরণ করার সিদ্ধান্ত গৃহীত হয়।<br>-প্রত্যেক আঞ্চলিক অফিস ৩ মাস অন্তর অন্তর শুদ্ধাচার রির্পোট ৩য় মাসের ৩য় সপ্তাহে প্রধান কার্যালয়ে প্রেরণ করবেন এবং প্রধান কার্যালয় ৪র্থ সপ্তাহে গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়ে প্রেরণ করবেন মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়। | ক) জনাব শরীফ মোহাম্মদ তারিকুজ্জামান, সিনিয়র প্ল্যানার খ) সিনিয়র প্ল্যানার, আঞ্চলিক অফিস সমূহ |
| ২.১১ | বার্ষিক কর্মসম্পাদন চুক্তি Annual Performance Agreement (APA) | Annual Performance Agreement (APA) চুক্তির বিষয়ে সভাকে অবহিত করা হয়। | ২০১৭-১৮ অর্থবছরের Annual Performance Agreement (APA) এর খসড়া মার্চ ৩য় সপ্তাহের মধ্যে বরিশাল, কক্সবাজার এবং খুলনা আঞ্চলিক অফিস হইতে প্রধান কার্যালয়ে প্রেরণ করার সিদ্ধান্ত গৃহীত হয়। | ক) সহকারী প্রকৌশলী খ) সকল সিনিয়র প্ল্যানার, আঞ্চলিক অফিস সমূহ |
| ২.১৩ | কার্যালয়, মন্ত্রিপরিষদ বিভাগ এর চাহিত প্রতিবেদন প্রেরণ | গত ২৭/০২/২০১৭ তারিখের ২৫.৪৫.০০০০.০০০.০৩.১৪.২.১২-৪৫৬ স্মারকের মাধ্যমে ফেব্রুয়ারী/১৭ মাসের প্রতিবেদন মন্ত্রণালয়ে প্রেরণ করা হইয়াছে মর্মে সভাকে অবহিত করা হয়। | মন্ত্রিপরিষদ বিভাগের চাহিত প্রতিবেদন প্রশাসন-৩ অধিশাখায় নিয়মিত প্রেরণ করার সিদ্ধান্ত গৃহীত হয়। | ক) জনাব কাজী মোঃ ফজলুল হক, সিনিয়র প্ল্যানার খ) প্র.ক.ক |

| মন্ত্রণালয়ের ক্রমিক নং | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| নগর উন্নয়ন অধিদপ্তরের বিবিধ | ১। গবেষণা | | -নগর উন্নয়ন অধিদপ্তরের ২০১৬-১৭ অর্থ বছরের সকল গবেষণার খসড়া আগামী ১৫ এপ্রিল, ২০১৭ ইং তারিখের মধ্যে এডিটোরিয়াল কমিটির নিকট জমা প্রদানের বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। সিনিয়র প্ল্যানার জনাব আহমেদ আখতারুজ্জামান, |
| | | ক) অর্থনীতি ও ভূমি ব্যবহারঃ বেনাপোল ও যশোর হাইওয়ে করিডোর'' শীর্ষক গবেষণার সর্বশেষ অগ্রগতি সভাকে অবহিত করা হয়। | ক) অর্থনীতি ও ভূমি ব্যবহারঃ বেনাপোল ও যশোর হাইওয়ে করিডোর'' শীর্ষক গবেষণার খসড়া এপ্রিল/১৭ মাসের মাসিক সমন্বয় সভায় উপস্থাপন করার সিদ্ধান্ত গৃহীত হয়। | ক) জনাব মোহসিনাত নাসরিন, প্ল্যানার ও জনাব খবির উদ্দিন আহম্মেদ, অর্থনীতিবিদ |
| | | খ) Rhythom of Mymensingh Town শীর্ষক গবেষণার ম্যাপ সংশোধন করা হচ্ছে এবং রির্পোট প্রণয়ন করা হচ্ছে মর্মে সভাকে অবহিত করা হয়। | খ) Rhythom of Mymensingh Town শীর্ষক গবেষণার মাঠ পর্যায়ের কার্যক্রম আগামী ১১ মার্চ, ২০১৭ তারিখে শুরু হবে। | খ) জনাব ইসরাত জাহান, গবেঃ কর্মকর্তা ও জনাব ইসরাত জাহান, প্ল্যানার |
| | | গ) নগর উন্নয়ন অধিদপ্তরের ১৯৬৫ সাল থেকে বর্তমান সময় পর্যন্ত সম্পাদিত কর্মকান্ডের বিষয়ে ১৬৩৯টি রির্পোট তৈরী করা হচ্ছে। এছাড়াও সর্বশেষ অগ্রগতি সভাকে অবহিত করা হয়। | গ) -নগর উন্নয়ন অধিদপ্তরের ১৯৬৫ সাল থেকে বর্তমান সময় পর্যন্ত সম্পাদিত কর্মকান্ডের বিষয়ে বিভিন্ন সময়ের রির্পোট রিভিউ করা হয়েছে। যা সময়সাপেক্ষ। উক্ত গবেষণা কার্যক্রমে সহযোগিতার জন্য কক্সবাজার আঞ্চলিক অফিসের গবেষণা কর্মকর্তাকে প্রধান কার্যালয়ে সংযুক্ত করার সিদ্ধান্ত গৃহীত হয়।<br>- নগর উন্নয়ন অধিদপ্তরের ১৯৬৫ সাল থেকে বর্তমান সময় পর্যন্ত সম্পাদিত কর্মকান্ডের উপর গবেষণাটি ইংরেজীতে সম্পাদনের সিদ্ধান্ত গৃহীত হয়। | গ) জনাব তানভীর হাসান রেজাউল, প্ল্যানার ও ফারহানা খোন্দকার, গবেষণা কর্মকর্তা |
| | | ঘ)<br>-**রাজশাহী:** গবেষণা এলাকার আর্থ সামাজিক কাজের প্রশ্নমালার জরিপ কাজ সম্পন্ন করা হয়েছে। গবেষণা এলাকার মৌজা সমুহের (সিএস/আরএস ম্যাপ) ০৭টি মৌজা ম্যাপের মধ্যে ০৫টি ডিজিটাইজিং এর কাজ সম্পন্ন করা হয়েছে এবং ০২টি মৌজা ম্যাপের ডিজিটাইজিং এর কাজ চলমান আছে।<br>-**বরিশাল :** বরিশাল মাষ্টার প্ল্যান বাস্তবায়ন অগ্রগতির উপর গবেষণা কার্যক্রম সর্ম্পকিত জরিপর প্রশ্নমালা প্রস্তুত করা হয়েছে। ফিল্ড সার্ভের কাজ চলমান আছে।<br>-**কক্সবাজার:** "ডেভেলপমেন্ট প্ল্যান ফর কক্সবাজার টাউন এন্ড সী-বিচ আপ টু টেকনাফ" শীর্ষক গবেষণা কাজের পিআরএ সম্পন্ন করা হয়েছে।<br>এছাড়াও সিলেট আঞ্চলিক অফিসের গবেষণা কাযক্রম ওয়ার্ক প্ল্যান অনুযায়ী চলমান আছে মর্মে সভাকে অবহিত করা হয়। | ঘ)<br>-**রাজশাহী অফিস:** "৮০ র দশকে উপজেলা শহরের জন্য প্রণীত ভূমি ব্যবহার পরিকল্পনার বাস্তবায়ন নিরূপন ও পযালোচনা প্রেক্ষিত: কুঠিয়া উপজেলা, রাজশাহী" শীর্ষক গবেষণা কার্যক্রম ওয়ার্ক প্ল্যান অনুযায়ী সম্পন্ন করার সিদ্ধান্ত গৃহীত হয়।<br>-**সিলেট অফিস** : Influence of development in the natural drainage system in Sylhet City (Case study on Word no-15 and 16) শীর্ষক গবেষণা কার্যক্রম ওয়ার্ক প্ল্যান অনুযায়ী সম্পন্ন করার সিদ্ধান্ত গৃহীত হয়।<br>-**বরিশাল অফিস** : গবেষণা কার্যক্রম ওয়ার্ক প্ল্যান অনুযায়ী সম্পন্ন করার সিদ্ধান্ত গৃহীত হয়।<br>-**কক্সবাজার অফিস** : "ডেভেলপমেন্ট প্ল্যান ফর কক্সবাজার টাউন এন্ড সী-বিচ আপ টু টেকনাফ" শীর্ষক গবেষণা কার্যক্রম ওয়ার্ক প্ল্যান অনুযায়ী সম্পন্ন করার সিদ্ধান্ত গৃহীত হয়। | ঘ)<br>-সিনিয়র প্ল্যানার, রাজশাহী।<br>-সিনিয়র প্ল্যানার, সিলেট।<br>-সিনিয়র প্ল্যানার, বরিশাল।<br>-সিনিয়র প্ল্যানার, কক্সবাজার। |

| মন্ত্রণালয়ের ক্রমিক নং | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| - | ২। ২০১৬-১৭ অর্থ বছরে রাজস্ব বাজেট | - নগর উন্নয়ন অধিদপ্তরের ২০১৬-১৭ অর্থ বছরের রাজস্ব বাজেট খরচের বিষয়ে কোড ভিত্তিক আহ্বায়কগণ সভায় বিস্তারিত উপস্থাপন করেন। | -আঞ্চলিক অফিস সমূহ ৩ মাস অন্তর অন্তর বাজেট খরচের হিসাব প্রধান কার্যালয়ে প্রেরণ করার সিদ্ধান্ত গৃহীত হয়।<br><br>-২০১৭-২০১৮, ২০১৮-২০১৯, ২০১৯-২০২০ অর্থবছরের খাতওয়ারী বাজেট এক্সেল শীটে প্রস্তুত করে প্রধান কার্যালয়ে প্রেরণ করার সিদ্ধান্ত গৃহীত হয়।<br>- অত্র অধিদপ্তরের সকল কম্পিউটারে একই ভার্সন, একই ফন্ট এবং কেন্দ্রীয়ভাবে এন্টি ভাইরাস ব্যবহার করার সিদ্ধান্ত গৃহীত হয়।<br>- এছাড়াও ওয়ার্ক প্ল্যান অনুযায়ী রাজস্ব বাজেট খরচের প্রয়োজনীয় কার্যক্রম অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহীত হয়। | ক) সকল আহবায়ক (উপ কমিটি)<br><br>খ) সিঃ প্ল্যানার, আঞ্চলিক অফিসসমূহ<br>গ) সহকারী প্রকৌশলী<br>ঘ) প্রশাসনিক কর্মকর্তা |
| - | ৩। ইউডিডি ভবনের জন্য জমি ও অন্যান্য আঞ্চলিক অফিস সমুহের জন্য জমি বরাদ্দ সংক্রান্ত | **-প্রধান কার্যালয় :** নগর উন্নয়ন অধিদপ্তরের প্রধান কার্যালয়ের জমির বিষয়ে সভায় আলোচনা করা হয়।<br><br>**-রাজশাহী :** রাজশাহী আঞ্চলিক অফিসের জমির বিষয়ে সভাকে অবহিত করা হয়। | **-প্রধান কার্যালয় :** নগর উন্নয়ন অধিদপ্তরের প্রধান কার্যালয়ের জমির বিষয়ে স্থাপত্য অধিদপ্তর এবং গণপূর্ত অধিদপ্তরের সাথে যোগাযোগ রাখার সিদ্ধান্ত গৃহীত হয়।<br>**-রাজশাহী :** রাজশাহী আঞ্চলিক অফিসের জমির বিষয়ে জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষের সাথে যোগাযোগ অব্যাহত রাখতে হবে।<br>- নগর উন্নয়ন অধিদপ্তরের চলমান প্রজেক্ট এবং যে প্রকল্পগুলোর ইতিমধ্যে শেষ হয়েছে উক্ত প্রকল্প এরিয়ায় স্থায়ী অফিসের জন্য যথাযথ কর্তৃপক্ষের কাছে পত্র দেওয়ার সিদ্ধান্ত গৃহীত হয়। | ক) জনাব মোঃ আহসান হাবীব, সহকারী প্ল্যানার<br><br>খ) সিনিয়র প্ল্যানার, রাজশাহী<br>গ) প্রশাসন শাখা |
| - | ৪। প্রশিক্ষণ সংক্রান্ত | - নগর উন্নয়ন অধিদপ্তরের সামগ্রিক প্রশিক্ষণ বিষয়ে দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা সভাকে অবহিত করেন। | -আঞ্চলিক অফিসের এবং প্রকল্পে যারা আছে তাদেরকে টালীর উপর, এম এস ওয়ার্ড, এক্সেল বিষয়ে ৩ দিনের ইন-হাউজ প্রশিক্ষণ প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়।<br>- মাইক্রোসফট প্রজেক্ট বিষয়ে প্রশিক্ষণ প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়।<br>- সকল আঞ্চলিক অফিসে জিআইএস প্রশিক্ষণ প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়। উক্ত প্রশিক্ষণের রির্সোস পারসন হিসেবে প্রধান কার্যালয়ে কর্মরত প্ল্যানার ইসরাত জাহান প্রত্যেক আঞ্চলিক অফিসে যাবেন মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়। | সিনিয়র প্ল্যানার (ট্রেনিং এন্ড ডকুমেন্টেস), আঞ্চলিক ও প্রধান কার্যালয়ের সকল সিনিয়র প্ল্যানারগণ।<br>প্ল্যানার ইসরাত জাহান |
| - | ৫। ইতিমধ্যে সম্পাদিত পরিকল্পনা সমূহের ফলো আপঃ কক্সবাজার, বরিশাল, সিলেট, মাদারীপুর, ফুলছড়ি, ময়মনসিংহ | ইতিমধ্যে সম্পাদিত পরিকল্পনা সমূহের ফলো আপ আলোচ্যঃ কক্সবাজার, বরিশাল, সিলেট, মাদারীপুর, ফুলছড়ি, ময়মনসিংহ বিষয়ে সভাকে অবহিত করা হয়। | -পরবর্তী মাসিক সমন্বয় সভায় কক্সবাজার, বরিশাল, সিলেট, মাদারীপুর, ফুলছড়ি, ময়মনসিংহ বিষয়ে ফলোআপ উপস্থাপন করার সিদ্ধান্ত গৃহীত হয়।<br>- প্রধান কার্যালয় সহ সকল আঞ্চলিক অফিস ২১ ফেব্রুয়ারী, ১৬ ডিসেম্বর শহীদ মিনার এবং জাতীয় স্মৃতি সৌধে শ্রদ্ধা নিবেদনের সিদ্ধান্ত গৃহীত হয়। | সংশ্লিষ্ট আঞ্চলিক অফিস সমূহের সিনিয়র প্ল্যানারগণ। |
| - | ৬। পরিস্কার পরিচ্ছন্নতা ও রক্ষণাবেক্ষণ কাজ | পরিস্কার পরিচ্ছন্নতা বিষয়ে সভাকে অবহিত করা হয়। | পরিস্কার পরিচ্ছন্নতা ও রক্ষণাবেক্ষণ কার্যক্রম আরো জোরদার করার সিদ্ধান্ত গৃহীত হয়। | জনাব মোঃ আহসান হাবীব, সহকারী প্ল্যানার |

| মন্ত্রণালয়ের ক্রমিক নং | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| - | ৭। দপ্তরের হাজিরা প্রস্থান ও কর্মচারীদের সাপ্তাহিক কার্যতালিকার প্রতিবেদন। | দপ্তরের হাজিরা প্রস্থান ও কর্মচারীদের সাপ্তাহিক কার্যতালিকার প্রতিবেদন বিষয়ে সভাকে অবহিত করা হয়। | - সংশ্লিষ্ট কন্ট্রোলিং অফিসারগণ হাজিরা প্রতিবেদন হিসাব শাখা ও প্রশাসন শাখায় প্রেরণের বিষয়টি নিশ্চিত করার সিদ্ধান্ত গৃহীত হয়।<br>- হাজিরা প্রতিবেদন অনুযায়ী হিসাব রক্ষণ কর্মকর্তাকে কর্মচারীদের বেতন নিশ্চিত করার সিদ্ধান্ত গৃহীত হয়।<br>- প্রতিমাসে মাসিক সমন্বয় সভায় কর্মচারীদের হাজিরা প্রতিবেদন হিসাব রক্ষণ কর্মকর্তাকে উপস্থাপন করার সিদ্ধান্ত গৃহীত হয়। | ক) সকল নিয়ন্ত্রণকারী কর্মকর্তা<br>খ) হিসাবরক্ষণ কর্মকর্তা<br>গ) প্রশাসনিক কর্মকর্তা |
| - | ৮। লাইব্রেরীর ডাটা সংরক্ষণ | লাইব্রেরীর ডাটা সংরক্ষণ বিষয়ে কার্যক্রম চলমান আছে মর্মে সভাকে অবহিত করা হয়। | - অত্র দপ্তরের লাইব্রেরীতে ডাটা, মাষ্টার প্ল্যান, রিপোর্ট ও ম্যাপ সমূহ ইত্যাদি স্থায়ীভাবে সংরক্ষণের সিদ্ধান্ত গৃহীত হয়।<br>- অত্র দপ্তরের লাইব্রেরীতে যখনই কোন বই,সাময়িকী ইত্যাদি আসবে তখনই লাইব্রেরীর রেজিষ্ট্রার খাতায় অর্ন্তভুক্ত করার সিদ্ধান্ত গৃহীত হয় এবং প্রতি ৩ মাস অন্তর লাইব্রেরীর ডাটাবেজ ওয়েবসাইটে আপলোড করার সিদ্ধান্ত গৃহীত হয়। | সমাজবিজ্ঞানী |
| - | ৯। সেমিনার | - দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা এবং প্রত্যেক আঞ্চলিক অফিসের সিনিয়র প্ল্যানারগণ সেমিনার আয়োজন বিষয়ে সভায় আলোচনায় অংশগ্রহণ করেন।<br>প্রধান কার্যালয়: প্রধান কাযালয়ে গত ২৬/০২/২০১৭ ইং তারিখে প্রকল্পের উপর সেমিনার অনুষ্ঠিত হয়েছে।<br>রাজশাহী : আগামী ১৫ মার্চ/১৭ ইং তারিখে ফুলছড়িতে সেমিনার অনুষ্ঠিত হবে মর্মে সভাকে অবহিত করা হয়। | -খুলনা কার্যালয়: ১০ এপ্রিল/২০১৭ ইং তারিখে কুষ্টিয়া প্রকল্পের উপর সেমিনার অনুষ্ঠিত হইবে।<br>-মাদারীপুর: মাদারীপুর-রাজৈর প্রকল্পের উপর সম্ভাব্য ০২ এপ্রিল, ২০১৭ ইং তারিখে সেমিনার অনুষ্ঠিত হইবে।<br>-কক্সবাজার কার্যালয়: ২০ মার্চ, ২০১৭ তারিখে সেমিনার আয়োজন করার সিদ্ধান্ত গৃহীত হয়।<br>-বরিশাল কার্যালয়: ২০ এপ্রিল, ২০১৭ ইং তারিখে সেমিনার আয়োজন করার সিদ্ধান্ত গৃহীত হয়।<br>-সিলেট কার্যালয়: ২৬ এপ্রিল, ২০১৭ ইং তারিখে সেমিনার আয়োজন করার সিদ্ধান্ত গৃহীত হয়। | ক) জনাব আহমেদ আখতারুজ্জামান, সিনিয়র প্ল্যানার<br>খ) সিনিয়র প্ল্যানার, সকল আঞ্চলিক অফিস। |
| - | ১০। প্রকাশনা | ২০১৬-১৭ অর্থ বছরের নগর উন্নয়ন অধিদপ্তরের পরিকল্পনা বার্তা, বার্ষিক প্রতিবেদন ইত্যাদি প্রকাশনা বিষয়ে সভাকে অবহিত করা হয়। | -পরিকল্পনা বার্তা প্রকাশের জন্য সকল প্রয়োজনীয় কর্মকান্ডসহ প্রকল্প পরিচালকগণ স্ব স্ব প্রকল্পের উপর লেখা এপ্রিল/১৭ মাসের মাসিক সমন্বয় সভার পূর্বে দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার নিকট জমা দিবেন মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়।<br>- এমএসডিপি এর মনোগ্রাফ পাঠানোর সিদ্ধান্ত গৃহীত হয়।<br>-সকল সরকারী দপ্তরে নববর্ষের ক্যালেন্ডার পাঠানোর সিদ্ধান্ত গৃহীত হয়।<br>- ২০১৬-১৭ অর্থ বছরের নগর উন্নয়ন অধিদপ্তরের পরিকল্পনা বার্তা, বার্ষিক প্রতিবেদন ইত্যাদি প্রকাশনা জুন, ২০১৭ এর মধ্যে প্রকাশ করার সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। জনাব আহমেদ আখতারুজ্জামান, সিনিয়র প্ল্যানার<br>২। জনাব ইয়ারুন্নেছা খানম, সহ: প্ল্যানার<br>৩। গবেষণা কর্মকর্তা |
| - | ১১। Table of Equipment (TO&E) -তে সমাপ্ত প্রকল্পসমূহের যন্ত্রপাতি | Table of Equipment (TO&E) -তে অর্ন্তভুক্তকরণের বিষয়ে জনপ্রশাসন মন্ত্রণালয়ে প্রক্রিয়াধীন আছে মর্মে সভাকে অবহিত করা হয়। | Table of Equipment (TO&E) -তে অর্ন্তভুক্তকরণের জন্য জনপ্রশাসন মন্ত্রণালয়ের সাথে নিবিড় যোগাযোগ রাখার সিদ্ধান্ত গৃহীত হয়। | ক) সমাজবিজ্ঞানী<br>খ) প্রশাসনিক কর্মকর্তা |

| মন্ত্রণালয়ের ক্রমিক নং | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| | অর্ন্তভুক্তকরণ। | | | |
| - | ১২। নিয়োগ বিধি, পদবী পরিবর্তন | নিয়োগ বিধি, পদবী পরিবর্তন বিষয়ে সভায় আলোচনা করা হয়। | এ বিষয়ে মন্ত্রণালয়ের সাথে যোগাযোগ অবাহত রাখার সিদ্ধান্ত গৃহীত হয়। | ক) উপ-পরিচালক (ভৌত পরিকল্পনা)<br>খ) জনাব আহমেদ আখতারুজ্জামান, সিনিয়র প্ল্যানার |
| - | ১৩। বৈদেশিক প্রশিক্ষণ | অত্র অধিদপ্তরের অর্থনীতিবিদ জনাব খবির উদ্দিন আহম্মেদ, গত ২৬/০২/১৭ ইং তারিখ হইতে ০৬/০৩/১৭ ইং তারিখ পর্যন্ত কোরিয়ায় Local Economics Vitalization শীর্ষক প্রশিক্ষণে অংশগ্রহণ বিষয়ে সভায় Presentation প্রদান করেন। | বৈদেশিক প্রশিক্ষণ/সেমিনারে অংশ গ্রহণ বিষয়ে হালনাগাদ তথ্য প্রাক-মাসিক সমন্বয় সভায় উপস্থাপন করার সিদ্ধান্ত গৃহীত হয়। | প্রশাসনিক কর্মকর্তা |
| - | ১৪। ভান্ডারিয়া উপজেলা মাষ্টার প্ল্যান বিষয় | প্রিপারেশন অব ডেভেলপমেন্ট প্ল্যান ফর ভান্ডারিয়া উপজেলা, পিরোজপুর শীর্ষক প্রকল্পটি সবুজ পাতায় অর্ন্তভুক্তির বিষয়ে সভাকে অবহিত করা হয়। | -ভান্ডারিয়া উপজেলা মাষ্টার প্ল্যান প্রকল্পটি সবুজ পাতায় অর্ন্তভুক্তির জন্য গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়ে নিবিড় যোগাযোগ অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহীত হয়। | সিনিয়র প্ল্যানার, বরিশাল আঞ্চলিক অফিস |
| - | ১৫। মীরের সরাই প্রকল্পের অগ্রগতি | "চট্টগ্রাম জেলার মিরসরাই উপজেলার উন্নয়ন পরিকল্পনা প্রণয়ন: সার্বিক দূযোগ ব্যবস্থাপনাকে ভূমি ব্যবহারের মাধ্যমে সম্পৃক্তকরণ" শীর্ষক প্রকল্পের প্রকল্প কোড সৃজনের জন্য গত ১৯/০২/২০১৭ ইং তারিখে ২৫.৪৫.০০০০.০০০.২৩.২০০.১৭-৩৮৪ নং স্মারকের মাধ্যমে এবং ষ্টিয়ারিং কমিটি সদস্যদের মনোনয়ন ও প্রজ্ঞাপন জারীর জন্য ২৫.৪৫.০০০০. ০০০.২৩. ২০০.১৭-৩৮২ নং স্মারকের মাধ্যমে গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়ে পত্র প্রেরণ করা হয়েছে। মাঠ প্রশাসনে কর্মরত কর্মকর্তাদের পিআইসি কমিটিতে অর্ন্তভুক্তির জন্য মন্ত্রীপরিষদ বিভাগের অনুমোদনের জন্য গত ১৯/০২/২০১৭ ইং তারিখে ২৫.৪৫. ০০০০.০০০.২৩.২০০.১৭-৩৮৩ নং স্মারকের মাধ্যমে গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়ে পত্র প্রেরণ করা হয়েছে। এছাড়াও পিআইসি কমিটিতে প্রতিনিধি মনোনয়ন প্রদানের জন্য ১৮ টি দপ্তর/সংস্থাকে গত ১৯/০২/১৭ তারিখে পত্র প্রেরন করা হয়েছে মর্মে সভাকে অবহিত করা হয়। | এ বিষয়ে সংশ্লিষ্ট মন্ত্রণালয় এবং দপ্তর/সংস্থার সাথে নিবিড় যোগাযোগ অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহীত হয়। | ক) প্রকল্প পরিচালক<br>খ) জনাব আহসান হাবীব, সহঃ প্ল্যানার ও প্রকল্প ব্যবস্থাপক |
| - | ১৬। কুষ্টিয়া প্রকল্পের অগ্রগতি | কুষ্টিয়া প্রকল্পের অনুকূলে ২০১৬-১৭ অর্থবছরের জন্য আরএডিপিতে প্রস্তাবিত বরাদ্দ সংশোধনের জন্য গত ২৬/০২/২০১৭ ইং তারিখে ২৫.৪৫. ০০০০.০০০. ২৩. ১৬৮.২.১৭-৪৪৬ নং স্মারকের মাধ্যমে মন্ত্রণালয়ে পত্র প্রেরণ করা হয়েছে। গত ১৯/০২/২০১৭ ইং তারিখের ২৫.৪৫. ০০০০. ০০০.২৩.১৬৮.২.১৭-৩৭৭ নং স্মারেকে মাধ্যমে কুষ্টিয়া প্রকল্পের Re-EoI পত্রিকায় প্রকাশের জন্য প্রেরণ করা হয়েছে মর্মে সভাকে অবহিত করা হয়। | - পিপিআর বিধি অনুযায়ী পরবর্তী কার্যক্রম গ্রহন করা হবে। | ক) প্রকল্প পরিচালক ও সিনিয়র প্ল্যানার, খুলনা আঞ্চলিক অফিস<br>খ) জনাব ইসরাত জাহান, গবেষণা কর্মকর্তা ও প্রকল্প ব্যবস্থাপক |

| মন্ত্রণালয়ের ক্রমিক নং | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| - | ১৭। হায়ারিং চার্জ (৪৮৯৩) কোড সৃজন | হায়ারিং চার্জ (৪৮৯৩) কোড সৃজন বিষয়ে সভায় আলোচনা করা হয়। | - এ বিষয়ে অগ্রগতি আগামী সমন্বয় সভায় উপস্থাপন করা হবে। | ক) জনাব উদয় শংকর দাস, সিনিয়র প্ল্যানার খ) প্রশাসনিক কর্মকর্তা ও হিসাব রক্ষক |
| - | ১৮। ইনোভেশন টিম | ইনোভেশন টিম প্রাক মাসিক সমন্বয় সভায় তাদের কাজের অগ্রগতি উপস্থাপন করেন। - ইনোভেশন টিম ০৫ দিনে ডিজিটাল মাষ্টার প্ল্যান সরবরাহের বিষয়টি Power Point Presentation এর মাধ্যমে মাসিক সমন্বয় সভায় উপস্থাপন করেন। | - ইনোভেশন টিম মাসিক প্রতিবেদন প্রেরণ করবেন মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়। - ১৫ দিনে NOC দেয়া যায় এই গ্রুপে গবেষণা কর্মকর্তা ও অর্থনীতিবিদ এবং সহকারী প্রকৌশলীকে যে সকল কর্মকর্তা NOC সরবরাহের সাথে জড়িত তাদের সহযোগীতা গ্রহণপূর্বক এ বিষয়ে আগামী সমন্বয় সভার পূর্বে পরিচালক মহোদয়কে অগ্রগতি জানাবেন। | ইনোভেশন টিম |
| - | ১৯। প্রচার ও বিজ্ঞাপন | ইতিমধ্যে নগর উন্নয়ন অধিদপ্তরের প্রচার ও বিজ্ঞাপন কোড সৃজন করা হয়েছে। এ বিষয়ে সভায় আলোচনা করা হয়। | জানুয়ারী ৯,১০ ও ১১ তারিখে সরকার কর্তৃক ঘোষিত উন্নয়ন মেলায় প্রধান কাযালয় সহ অত্র অধিদপ্তরের আঞ্চলিক অফিস সমূহ অংশগ্রহণ বাধ্যতামুলক হিসেবে সিদ্ধান্ত গৃহীত হয়। এছাড়াও অন্যান্য মেলায় নগর উন্নয়ন অধিদপ্তর অংশগ্রহন করবেন। | |
| | ২০। ই-ফাইলিং | নগর উন্নয়ন অধিদপ্তরে গত ২৮/০২/২০১৭ ইং তারিখে ই-ফাইলিং শুরু করা হয়েছে। | সব প্রকল্প ই-ফাইলে আগামী মাসিক সমন্বয় সভার পূর্বেই অর্গানোগ্রাম অনুমোদন করাতে হবে। | ১। জনাব শরীফ মোহাম্মদ তারিকুজ্জামান, সিনিয়র প্ল্যানার ২। প্রশাসনিক কর্মকর্তা |

সভাপতি মহোদয় আর কোন আলোচনা না থাকায় সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

20.03.17

(ড. খুরশীদ জাবিন হোসেন তৌফিক)
পরিচালক (চলতি দায়িত্ব)
নগর উন্নয়ন অধিদপ্তর, ঢাকা।
ফোন: ৯৫৬২৭২৮

নং-২৫.৪৫.০০০০.০০০.১৩.১২.১২-৮৪০/১

তারিখ: ২৪/৩/১৭

অনুলিপি সদয় অবগতির জন্য প্রেরণ করা হইল:

১। উপ-সচিব (প্রশাসন-৩ অধিশাখা), গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

24/03/17

(মাকসুদ হাসেম)
সিনিয়র প্ল্যানার ও
ফোকাল পয়েন্ট কর্মকর্তা
নগর উন্নয়ন অধিদপ্তর, ঢাকা
ফোন: ৯৫১৫৫২৮

নং-২৫.৪৫.০০০০.০০০.১৩.১২.১২-৬৪০/১২ তারিখঃ ২৪/৩/১৭

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হইল (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

১। উপ-পরিচালক (ভৌত পরিকল্পনা), নগর উন্নয়ন অধিদপ্তর, সেগুনবাগিচা, ঢাকা।

২। সিনিয়র প্ল্যানার (আরবান প্ল্যানিং ও ফোকাল পয়েন্ট কর্মকর্তা / সিনিয়র প্ল্যানার (টাউন প্ল্যানিং) /সিনিয়র প্ল্যানার (থানা সেন্টার প্ল্যানিং -১) /সিনিয়র প্ল্যানার (ট্রেনিং, ডকুমেন্টশন এন্ড প্ল্যানিং সেল)/সিনিয়র প্ল্যানার (রিজিওনাল প্ল্যানিং),/সিনিয়র প্ল্যানার (থানা সেন্টার প্ল্যানিং -২), নগর উন্নয়ন অধিদপ্তর, সেগুনবাগিচা, ঢাকা।

৩। সিনিয়র প্ল্যানার, নগর উন্নয়ন অধিদপ্তর, খুলনা / রাজশাহী/বরিশাল/সিলেট/কক্সবাজার আঞ্চলিক অফিস।

৪। জনাব. ...... .................... . প্ল্যানার (সকল)/সহকারী প্ল্যানার (সকল), নগর উন্নয়ন অধিদপ্তর, ঢাকা।

৫। সহকারী প্রকৌশলী (সার্ভে), নগর উন্নয়ন অধিদপ্তর, সেগুনবাগিচা, ঢাকা।

৬। হিসাব রক্ষণ কর্মকর্তা, নগর উন্নয়ন অধিদপ্তর, সেগুনবাগিচা, ঢাকা।

৭। সমাজবিজ্ঞানী, নগর উন্নয়ন অধিদপ্তর, সেগুনবাগিচা, ঢাকা।

৮। ভূগোলবিদ, নগর উন্নয়ন অধিদপ্তর, সেগুনবাগিচা, ঢাকা।

৯। গবেষণা কর্মকর্তা, নগর উন্নয়ন অধিদপ্তর, সেগুনবাগিচা, ঢাকা।

১০। অর্থনীতিবিদ, নগর উন্নয়ন অধিদপ্তর, সেগুনবাগিচা, ঢাকা।

১১। পরিকল্পনা সহকারী ও সহকারী প্রকৌশলী (সার্ভে এন্ড ষ্টোর এর অতিরিক্ত দায়িত্ব), নগর উন্নয়ন অধিদপ্তর, ঢাকা।

১২। পরিচালক মহোদয়ের মাষ্টার ফাইল।

২৭/৩/১৭

(মোঃ মোক্তার আলম)
প্রশাসনিক কর্মকর্তা
নগর উন্নয়ন অধিদপ্তর, ঢাকা।